



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৮২

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন বারআড়িয়া শহীদ স্মারনী কলেজ এর অধ্যক্ষ এর বিরুদ্ধে কমলেশ সরকার, প্রভাষক(কম্পিউটার শিক্ষা) অবৈধভাবে দুর্নীতির মাধ্যমে নিয়োগ দানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ

দুর্নীতি দমন কমিশন, ঢাকার এর স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.০৫৩.২১-১৭২২০, তারিখ-১১/০৮/২০২০খ্রি. মোতাবেক খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলাধীন বারআড়িয়া শহীদ স্মারনী কলেজ এর অধ্যক্ষ এর বিরুদ্ধে কমলেশ সরকার, প্রভাষক(কম্পিউটার শিক্ষা) অবৈধভাবে দুর্নীতির মাধ্যমে নিয়োগ দানের একটি অভিযোগ দায়ের করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে দায়িত্ব প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

মতামতঃ

১। জনাব মোহাম্মদ আলীর বারোআড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হিসেবে কর্মরত থাকা অবস্থায় বারোআড়িয়া শহীদ স্মরণী মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং পরবর্তীতে অধ্যক্ষের দায়িত্ব গ্রহণ বিধি সম্মত হয়নি। যদিও কলেজটি নন-এমপিওভুক্ত ছিল তথাপিও তার বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমতি (রেজুলেশনে সিদ্ধান্তসহ) নেয়া সমীচীন ছিল।

২। অধ্যক্ষ জনাব মোঃ তোরাব আলী শেখ এর নিয়োগ সংক্রান্ত অভিযোগটি যথাযথ নয়।

৩। জনাব তন্ময় কুমার মন্ডল, প্রভাষক (কম্পিউটার) নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে পারেন নি।

৪। জনাব কমলেশ মন্ডল অভিযোগকারী ও প্রভাষক (কম্পিউটার) এর দাবীর সমর্থনে তিনি নিজে এবং কলেজ কর্তৃপক্ষ কেউই কোন কাগজপত্র উপস্থাপন করতে পারেননি বিধায় সংশ্লিষ্ট কলেজে তার শিক্ষক হিসেবে থাকার বিষয়টির প্রমাণ পাওয়া যায়নি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত প্রতিবেদন এর পর্যালোচনা ও মতামত বিশ্লেষণপূর্বক পরিলক্ষিত তথ্যের প্রেক্ষিতে অধ্যক্ষকে ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদান, যথা সময়ে জবাব প্রেরণে ব্যর্থতায় জবাব নেই বলে ধরে নেয়া হবে। একই বিষয়ে গভর্নিং বডির সভাপতিকে তিন কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, বারআড়িয়া শহীদ স্মারনী
কলেজ, বটিয়াঘাটা, খুলনা।


২) অধ্যক্ষ, বারআড়িয়া শহীদ স্মারনী কলেজ, বটিয়াঘাটা,
খুলনা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.৮২/১(২)

তারিখ: ২৭ মাঘ ১৪২৮
১০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন
- ২) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



১০-২-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক